

বল রে জবা বল ।  
কোন সাধনায় পেলি শ্যামা মায়ের চরণতল  
মায়া তরুর বাঁধন টুটে  
মায়ের পায় পড়লি লুটে  
মুক্তি পেলি , উঠলি ফুটে আনন্দ ভি/বল ।  
তোর সাধনা আমায় শেখা, জীবন হোক সফল ॥  
কোটি গন্ধ-কুসুম ফোটে বনে মনোলোভা  
কেমনে মার চরণ পেলি তুই তামসী জবা ।  
তোর মত মার পায় রাতুল  
হবে কবে প্রসাদী ফুল  
কবে, উঠবে রেঙে-ওরে মায়ের ছোঁয়া লেগে উঠবে রেঙে,  
কবে তোরই মত রাঙবে রে মোর মলিন চিওদল ॥